



বেসিক ব্যাংক পিএলসি

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ।

অর্থসঞ্চয় আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসিক ব্যাংক পিএলসি., চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ এর খেলাপী ঋণগ্রহীতা প্রতিষ্ঠান “মেসার্স জাকারিয়া এন্টারপ্রাইজ”, ব্যবসায়িক ঠিকানা: দোকান নং: ৯-১০, শিল্পকলা সুপার মার্কেট, চাঁপাইনবাবগঞ্জ; স্বত্বাধিকারী- মোঃ জাকারিয়া, পিতা-মৃত জহাক আহম্মদ বিশ্বাস, মাতা-মৃত জায়েদা খাতুন, বর্তমান ঠিকানা: হোল্ডিং নং-১০২/১, আরামবাগ, চাঁপাইনবাবগঞ্জ; স্থায়ী ঠিকানা: গ্রাম-রামচন্দ্রপুর হাট, ডাকঘর-রামচন্দ্রপুর হাট-৬৩০২, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ। ঋণগ্রহীতার নিকট ০৪/০৪/২০২৬ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা টাকা ২,১০,৬০,০৫৭.৪৯ (দুই কোটি দশ লক্ষ ষাট হাজার সাতান্ন টাকা ঊনপঞ্চাশ পয়সা) মাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য খরচসহ আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিলভুক্ত বন্ধকীকৃত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তাদিতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তসমূহ

- প্রত্যেক দরপত্রদাতাকে নিজস্ব প্যাডে/ সাদা কাগজে স্পষ্ট অক্ষরে ক্রেতার নাম, পিতার নাম, ঠিকানা, ফোন নম্বর, প্রস্তাবিত দর অংকে ও কথায় লিখে দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখে দাখিল করতে হবে।
- দরপত্র নির্ধারিত জামানতসহ ০৭/০৫/২০২৬ ইং তারিখ বিকাল ০২.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক পিএলসি., চাঁপাইনবাবগঞ্জ শাখার অফিসে রক্ষিত বাক্সে দাখিল করতে হবে এবং উক্ত তারিখ বিকাল ০২.৩০ ঘটিকায় দরপত্র কমিটি কর্তৃক দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।
- প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দরের ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত ২০%, উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকার উর্ধ্বে কিন্তু ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত ১৫%, উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার উর্ধ্বে হলে ১০% সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যেকোন তপসিলি ব্যাংক হতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ‘বেসিক ব্যাংক পিএলসি., চাঁপাইনবাবগঞ্জ শাখা’ এর অনুকূলে দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- অনুর্দ্ধ ১০.০০ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে, ১০.০০ লক্ষ টাকার উর্ধ্বে কিন্তু ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দর গৃহীত হওয়ার পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে এবং ৫০.০০ লক্ষ টাকার উর্ধ্বে উদ্ধৃত দর গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় সমুদয় জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।
- উপরোক্ত অনুচ্ছেদ নং-৩ ও ৪ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে উক্ত অর্থ ঋণহিসাবে সমন্বয় করা হবে এবং ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে তফসিলি সম্পত্তি ক্রয় করতে আহ্বান করতে পারবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহৃত হবার পর অনুচ্ছেদ নং-৪ এ বর্ণিত নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে তার জামানত বাজেয়াপ্ত হবে।
- দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- দরপত্র দাখিলের পর তফসিলি সম্পত্তির আকার, আকৃতি, অবস্থান, দখল ও স্বত্ত্বের দলিলের বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না বরং যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে বিবেচ্য হবে।
- সফল দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ, স্ট্যাম্প ডিউটি, উৎস কর (যদি থাকে), পৌরকর, ভূমিকর, ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ, প্রয়োজনে দখল সংক্রান্ত খরচ (বিদ্যমান আইন অনুযায়ী) ইত্যাদি বহন করতে হবে।
- নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য প্রয়োজনে অফিস চলাকালীন সময়ে বেসিক ব্যাংক পিএলসি., চাঁপাইনবাবগঞ্জ শাখায় যোগাযোগ করতে পারবেন।
- শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল কিংবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

বন্ধকী সম্পত্তির তপশীল:

(ক) জেলা-চাঁপাইনবাবগঞ্জ, থানা-চাঁপাইনবাবগঞ্জ, মৌজা-চরজোতপ্রতাপ, জে.এল নং: এস.এ-১২৪, আর.এস-১১৮, খতিয়ান নং: এস.এ-৯০৭, আর.এস-৪৬, দাগ নং: এস.এ-৮০০, ৮০১, আর.এস-২০৪০, প্রস্তাবিত খতিয়ান নং-২৯৭২, মোট সম্পত্তির পরিমাণ- ৪.১২৫ শতাংশ জমি এবং উহার উপর নির্মিত চারতলা ভবন যার চৌহদ্দি: উত্তরে-রাশ্তা, দক্ষিণে-পলাশ, পূর্বে-মোঃ মিজান ও ওবায়দুল্লাহ মাস্টার এবং পশ্চিমে- মোঃ রাকিবুল ইসলাম।

পক্ষে: শাখা ব্যবস্থাপক, চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ।

মোবাইল: ০১৭১৩২৫৭৪১৯।

প্রথম আলো ও চাঁপাইচিত্র - ১২-০৪-২০২৬